



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১

০২২২৩৩-৮৮৯৪৯

পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২

০২২২৩৩-৮০০২৪-২৫

০২২২৩৩-৮০০৩১-৩৫

ই-মেইলঃdgmsme@krishibank.org.bd

প্রকা/ক্রেডিবিঃ/শাখা-৪-এসএমই-৭(৫)/২০২২-২৩/ ২৭৫৮ (২২৫০)

তারিখঃ ১৬/০১/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : ২০২২-২০২৩ অর্থবছরে সিএমএসএমই ঋণ কার্যক্রমে গতিশীলতা আনয়ন ও বিভাগওয়ারী সিএমএসএমই ঋণ বিতরণের বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে সিএমএসএমই খাতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ৫০০০.০০ কোটি টাকা বিভাগওয়ারী বন্টনপূর্বক অত্র বিভাগ কর্তৃক পত্র নং-৭(৮)/ ২০২২-২০২৩/৪৪৫(১২৫০), তারিখ ১৬/০৮/২০২২ মূলে তা অর্জনের বিষয়ে দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে। অর্থবছরের ইতিমধ্যেই ছয় মাস অতিক্রান্ত হলেও এ খাতে বরিশাল ব্যতিত অন্য কোন বিভাগের ঋণ বিতরণে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। ৩১/১২/২০২২ তারিখ ভিত্তিক বিভাগওয়ারী সিএমএসএমই ঋণ বিতরণ পরিস্থিতি নিম্নরূপ :

(কোটি টাকায়)

ক্রঃ নং	বিভাগ	২০২২-২০২৩ অর্থবছরে সিএমএসএমই খাতে ঋণ বিতরণ ও অর্জন				
		ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা	অর্জন	অর্জনের হার	আনুপাতিক লক্ষ্যমাত্রা	অর্জন (কম/বেশী)
১	ঢাকা	১২৮০.০০	৩৭২.৩৪	২৯%	৬৪০.০০	(-)২৬৭.৬৬
২	ময়মনসিংহ	৫১৫.০০	২৩১.৯১	৪৫%	২৫৭.৫০	(-)২৫.৫৯
৩	চট্টগ্রাম	৪৭০.০০	১৫৭.২১	৩৩%	২৩৫.০০	(-)১৭৭.৭৯
৪	খুলনা	৫৭৫.০০	১৫১.৪৪	২৬%	২৮৭.৫০	(-)১৩৬.০৬
৫	বরিশাল	১৪০.০০	৮৯.৯৯	৬৪%	৭০.০০	(+)১৯.৯৯
৬	সিলেট	২৯৫.০০	১১০.৪৭	৩৭%	১৪৭.৫০	(-)১৪৭.০৩
৭	কুমিল্লা	৭৪০.০০	২২৭.২৬	৩১%	৩৭০.০০	(-)১৪২.৭৪
৮	ফরিদপুর	৫২৫.০০	১৩০.৭৩	২৫%	২৬২.৫০	(-)১৩১.৭৭
৯	কুষ্টিয়া	৩৬০.০০	১৬৪.৩৮	৪৬%	১৮০.০০	(-)১৫.৬২
১০	এলপিও	১০০.০০	২২.২২	২২%	৫০.০০	(-)২৭.৭৮
মোট		৫০০০.০০	১৬৫৭.৯৫	৩৩%	২৫০০.০০	(-)৮৪২.০৫

- উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায়, ২০২২-২০২৩ অর্থবছরে বরিশাল ব্যতিত কোন বিভাগই সিএমএসএমই খাতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার আনুপাতিক হার অর্জন করতে সক্ষম হয়নি। বিভাগীয় কার্যালয় ঢাকা, খুলনা, ফরিদপুর ও স্থানীয় মুখ্য কার্যালয় আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনের তুলনায় অনেক পিছিয়ে আছে।

০৩। সিএমএসএমই ঋণ বিতরণ কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে সময়ে সময়ে একাধিক পত্র জারী করা হলেও ঋণ বিতরণ পরিস্থিতি কাম্বিত মাত্রায় উন্নীত হচ্ছে না। গত বছর একই সময়ের ঋণ বিতরণের অর্জন ছিল ২০৫০.৩২ কোটি টাকা অথচ এ বছর অর্জন ১৬৫৭.৯৫ কোটি টাকা, যা খুবই হতাশাব্যঞ্জক। ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এ ঋণ কার্যক্রমে গতিশীলতা আনয়নপূর্বক আগামী ৩১/০৩/২০২৩ তারিখের মধ্যে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনসহ আগামী ৩০/০৬/২০২৩ তারিখের মধ্যে শতভাগ ঋণ বিতরণ করার নির্দেশনা প্রদান করেন। মার্চ কার্যালয়সমূহের ব্যবসায়িক ক্ষমতা সর্বোচ্চ সদ্ব্যবহার করে যথানিয়মে ও দ্রুততম সময়ে সিএমএসএমই খাতে ঋণ প্রবাহ বৃদ্ধি করতে হবে। ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১০০% অর্জনের লক্ষ্যে নিম্নোক্ত বিষয়াদি পরিপালনে গুরুত্ব আরোপ করতে হবে :

- (ক) প্রত্যেক শাখার আওতাধীন এলাকায় সম্ভাব্য সিএমএসএমই উদ্যোক্তা খুঁজে বের করতে হবে এবং তাদের তালিকা প্রণয়ন পূর্বক যোগ্য উদ্যোক্তাদেরকে সিএমএসএমই ঋণের আওতায় আনতে হবে। অঞ্চল প্রধানগণ শাখা পরিদর্শনকালে বিষয়টি নিয়মিতভাবে মনিটরিং করে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবেন;

৪২

৫৮

বিষয় : ২০২২-২০২৩ অর্থবছরে সিএমএসএমই ঋণ কার্যক্রমে গতিশীলতা আনয়ন ও বিভাগওয়ারী সিএমএসএমই ঋণ বিতরণের বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি প্রসঙ্গে।

- (খ) বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক ব্যাংকের সামগ্রিক ঋণ পোর্টফলিওতে সিএমএসএমই খাতে ঋণ বিতরণ এবং ঋণ স্থিতির পরিমাণ ২০২৪ সালের মধ্যে ২৫% এ উন্নীত করার প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে। প্রত্যেক শাখাকে এ খাতে ঋণ বিতরণের মাধ্যমে ঋণের প্রবাহ বৃদ্ধি করতে হবে;
- (গ) অত্র ব্যাংকের সার্কুলার লেটার নং-৬০২(১২৫০), তারিখ-০৪.০৯.২০২২ একইরূপ পণ্য বা সেবা উৎপাদনকারী প্রতিষ্ঠান চিহ্নিত করে ক্রাষ্টারভিত্তিক অর্থায়নের আওতায় আনতে হবে;
- (ঘ) সিএমএসএমই খাতে প্রাপ্ত নতুন/নবায়নযোগ্য ঋণ প্রস্তাবসমূহ দ্রুত মঞ্জুরি/নবায়ন করে বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (ঙ) সিএমএসএমই ঋণ পোর্টফলিওর খাত ভিত্তিক কাজিত গঠন হবে ম্যানুফ্যাকচারিং অন্যান্য ৪০%, সেবা অন্যান্য ২৫%, এবং ব্যবসা সর্বোচ্চ ৩৫%। উক্ত খাত ভিত্তিক অনুপাত অনুসরণপূর্বক ঋণ বিতরণ করতে হবে;
- (চ) নারী উদ্যোক্তাদের ঋণ আবেদনপত্র সর্বোচ্চ অগ্রাধিকার ভিত্তিতে গ্রহণ ও নিষ্পত্তি করতে হবে;
- (ছ) আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ শাখাসমূহের জন্য আলাদা কর্মকৌশল প্রণয়নপূর্বক সাপ্তাহিক ভিত্তিতে মনিটরিংসহ প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করতে হবে;
- (জ) বছর শেষে কোন শাখারই সিএমএসএমই খাতে ঋণ বিতরণের অর্জন যাতে শূন্য না থাকে সে বিষয়ে কার্যকর উদ্যোগ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপককে পরামর্শ প্রদান করতে হবে;

০৪। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত এসএমই ঋণ নীতিমালা (পরিকল্পনা ও পরিচালন (প্রবাবি) পরিপত্র নং ২৬/২০১০, তারিখ ৩১/১১/২০১০), বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সিএমএসএমই সংক্রান্ত মাস্টার সার্কুলার (এসএমইএসপিডি সার্কুলার নং ২, তারিখ ০৫/০৯/২০১৯) অনুসরণপূর্বক আগামী ৩১/০৩/২০২৩ তারিখের মধ্যে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনসহ আগামী ৩০/০৬/২০২৩ তারিখের মধ্যে ১০০% অর্জনের কার্যকর ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত তদারকিসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত


(মোহাম্মদ মুঈনুল হোসেন)

উপমহাব্যবস্থাপক


ফোন : ০২-২২৩৩৮৮৯৪৯

প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৪-এসএমই-৭(৮)/২০২২-২৩/ ১৭ ২৪(২৫০)

তারিখঃ ১৬/০১/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।


২৬/০১/২০২৩
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক